দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 JAN 1996
পৃষ্ঠা ২ কলাম ৬

কামিল পরীক্ষার ফল

# রহস্যজনক ঘটনার শিকার হয়েছে প্রথম হওয়া ছাত্রটি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কামিল পরীক্ষার ফলে রহস্যজনক ঘটনার শিকার হয়েছে মেধা তালিকায় প্রথম হওয়া ছাত্রটি। মোঃ মাহমুদ বিন সাঈদ নামে এই ছাত্র বোর্ড কর্তৃক ঘোষিত প্রথম হওয়া ছাত্রের চেয়ে ৬৮ নম্বর বেশি পেলেও মেধা তালিকার কোথাও তার নাম নেই। এ ধরনের ঘটনা ভুল না রহস্যজনক সে সম্পর্কে বিভিন্ন মহলে ব্যাপক জল্পনা-কল্পনা চলছে। টেবুলেশন শীটে ছয় জনের স্বাক্ষর থাকার পরও এ ধরনের ঘটনাকে অনেকে ভুল বলে মেনে নিতে পারছেন না।

গত ১৬ জানুয়ারি মাস্টার্স সমমানের কামিল পরীক্ষার ফল প্রকাশিত হয়। এতে মেধা তালিকায় প্রথম হওয়া ছাত্রটি ৮শ' ৬৪ নম্বর পেয়েছে বলে টেবুলেশন শীটে দেখানো হয়েছে। কিন্তু মাহমুদ বিন সাঈদ ৯শ' ৩২ নম্বর পেলেও তাকে শুধুমাত্র প্রথম বিভাগপ্রাপ্ত হিসাবে স্বীকৃতি দেয়া হয়।' এ ব্যাপারে সে বোর্ড অফিসে যোগাযোগ করে হয়রানির শিকার হচ্ছে বলে জানা যায়। মেধা তালিকায় পুনর্যাচাইয়ের জন্য সে সংশ্লিষ্ট বিভিন্ন কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছে।